

**সরিষাবাড়ীতে ছাত্রদল কর্মীদের
দাপট ॥ প্রকাশ্যে কলেজ ছাত্রীর
শ্রীলতাহানি, ক্যামেরায় ধারণ**

জামালপুর, ২৭ এপ্রিল, নিজস্ব সংবাদদাতা ॥
সরিষাবাড়ী উপজেলায় সাতপোয়া গ্রামের এক কলেজ
ছাত্রীকে ছাত্রদলের চিহ্নিত সন্ত্রাসীরা শ্রীলতাহানি করেছে।
এ ঘটনায় তার পিতা লোকমান মাস্টার থানায় মামলা
করায় সন্ত্রাসীরা হয়রানির চুমকি-ধমকি দিচ্ছে। গত
বৃহস্পতিবার এ ঘটনার পরদিন পুলিশ মামলা গ্রহণ
করেছে। পুলিশ মামলা নিলেও সন্ত্রাসীরা প্রকাশ্যে ঘুরছে
এবং হয়রানির চুমকি দিচ্ছে। শ্রীলতাহানির শিকার পোটা
পরিবার নিরপত্তাহীনতায় ডুগছে।

সরিষাবাড়ী উপজেলা পরিষদ সংলগ্ন সাতপোয়া গ্রামের
লোকমান মাস্টারের মেয়ে রুপা সরিষাবাড়ী পাইলট উচ্চ
বালিকা বিদ্যালয় এ্যাড কলেজের ছাত্রী। গত বৃহস্পতিবার
রুপা কলেজ থেকে বাড়ি ফেরার পথে ছাত্রদলের পরিচিত
রবিউল, রাকী, লিটন ও বুলবুল তার পথরোধ করে। রাকী
ও লিটন রুপাকে রাস্তায় আটকে জড়িয়ে ধরে, রবিউল তার
গালে কামড় দেয়, বুলবুল ক্যামেরায় এ দৃশ্যের ছবি তুলে।
শ্রীলতাহানির এ ঘটনায় রুপা হতবিহ্বল হয়ে পড়ে। ঘটনার
দিনই রুপার পিতা লোকমান মাস্টার থানায় মামলা দিলে
পুলিশ তা জিডি হিসাবে গ্রহণ করে। পরে এ ঘটনায়
সাতপোয়া গ্রামবাসীর মধ্যে কোভের সৃষ্টি হলে একদিন পর
পুলিশ জিডিটি পুনরায় মামলা হিসাবে আমলে নেয়।